গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা কার্যালয়, সুনামগঞ্জ
এবং
উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,বিভাগীয় কার্যালয়, সিলেট
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

# সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং  কার্যাবলি

সেকশন ২:  বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১:  শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালযের নিকট সুনির্দিষ্ট চাহিদা

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,
জেলা কার্যালয়, সুনামগঞ্জ
এবং

উপপরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, সিলেট

এর মধ্যে ২০২০ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Directorate of National Consumers' Rights Protection, Sunamganj District Office, Sunamganj )

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর ) প্রধান অর্জনসমূহ

- সর্বস্তরে ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধে এবং ভোক্তাদের অধিকার সংরক্ষণের লক্ষ্যে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুসারে সুনামগঞ্জ জেলা কার্যালয়, সুনামগঞ্জ কার্যালয় কর্তৃক ২০১৭-২০১৮ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত ২৯২ টি অভিযান পরিচালনা করে ৯২০টি প্রতিষ্ঠান হতে ভোক্তা অধিকার বিরোধী অপরাধে মোট ৩৭,৯৯,১০০/- (সাতত্রিশ লক্ষ নিরানব্বই হাজার একশত) টাকা জরিমানা আদায় করা হয়েছে। ২৮ টি অভিযোগ নিষ্পত্তিপূর্বক ৮৬,০০০/- (ছিয়াশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং আদায়কৃত জরিমানার ২৫% হারে অভিযোগকারীগণকে ২১,৫০০/- ( একুশ হাজার পাঁচশত ) টাকা প্রদান করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্পর্কে সর্বসাধারণকে অবহিত করার লক্ষ্যে মহানগরের বাজার, দোকানপাট ও জনবহুল এলাকায় ভোক্তা অধিকার বিষয়ক ১৬৬০০টি লিফলেট, ১৩৪০০টি প্যাম্পলেট ও ৪৪০০টি পোস্টার ও ১১৭৮টি ক্যালেন্ডার বিতরণ করা হয়েছে । জেলায় যথাযোগ্য মর্যদায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালন করা হয়েছে এবং গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একাধিক সমাবেশের আয়োজন করা হয়েছে । অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ৪৩ টি গনশুনানী অনুষ্ঠিত হয়েছে ।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- জেলার ভোক্তাসাধারণ ও ব্যবসায়ীগণকে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সচতেনকরণ
- ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রমে ক্ষতিগ্রস্ত ভোক্তাদের অভিযোগ প্রদানে উদ্বুদ্ধকরণ
- ভোক্তা-অধিকার বিরোধী কর্মকান্ড প্রতিরোধে নিজেদের দায়িত্ব সম্পর্কে ব্যবসায়ীগণকে সচেতন করা
- ভোগ্যপণ্য ও সেবার মান যাচাইযের ব্যবস্থা না থাকা এবং তা অর্জন ও বাস্তবায়ন
- জনবল ও লজিস্টিক সাপোর্টের স্বল্পতা।

#### ভবিষ্যৎ পরিকল্পনা

- ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে ব্যবসায়ী ও ভোক্তা সাধারণকে সচেতন করার কার্যক্রম আরও জোরদার করা
- ক্ষতিগ্রস্ত হওয়া মাত্র জনগণকে এ দপ্তরে অভিযোগ দায়ের করতে উদ্বুদ্ধ করা এবং প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করা
- সর্বাধিক সংখ্যক বাজার অভিযান পরিচালনা ও সচতেনতামূলক সভার আয়োজন করা
- ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর যথাযথ প্রয়োগ।

#### ২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ভোক্তা-অধিকার সম্পর্কে আরো সচেতনতা বৃদ্ধির জন্য ৬০০০টি লিফলেট, ৪৪০০টি প্যাম্ফলেট, ৬৬৬টি ক্যালেন্ডার বিতরণ
- ব্যবসায়ী ও ভোক্তা সাধারণের অংশগ্রহণে ১৫ টি সচেতনতামূলক সভা আয়োজন;
- সুনামগঞ্জ জেলা ও সকল উপজেলায় ১৫ মার্চ ২০২১ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন;
- জেলা ও উপজেলায় মোট ১১টি সেমিনারের আয়োজন
- উপজেলা ও জেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিতকরণ
- ভোক্তা সাধারণের অভিযোগ গ্রহণ ও যথাসময়ে কমপক্ষে ৮০% নিষ্পত্তি করা;

## সেকশন ১:

### রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

১.১. রূপকল্প (Vision) : ভোক্তা অধিকার বিরোধী অপরাধমুক্ত বাংলাদেশ।

১.২. অভিলক্ষ্য (Mission): বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণে প্রচারণামূলক কর্মকান্ড দ্বারা জনসচেতনতা বৃদ্ধি করা, ভোক্তাদেরকে অভিযোগ দায়ের করতে উদ্বুদ্ধ করা এবং প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিয়মিত নিষ্পত্তি করা, নিয়মিত বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনা করা এবং সর্বোপরি ভোক্তা অধিকার সংরক্ষণ আইন,২০০৯ এর কার্যকর বাস্তবায়নের মাধ্যমে ভোক্তাদের ন্যায্য অধিকার নিশ্চিত করা ।

১.৩ . কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Strategic Objectives) :

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.৩.১..১ ভোক্তার অধিকার সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধি

১.৩.১ ২. ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.৩.২.১ দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চতকরণ

১.৩.২.২ কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

১.৩.২.৩ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪. কার্যাবলি (Functions):

১.৪.১ জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণামূলক কার্যক্রম তথা লিফলেট, প্যাম্পলেট ও ক্যালেন্ডার বিতরণ এবং সচেতনতামূলক সভা আয়োজন করা

১.৪.২ ভোক্তা- অধিকার বিরোধী কার্যক্রমে ক্ষতিগ্রস্ত ভোক্তাদের অভিযোগ প্রদানে উদ্বুদ্ধ করা

১.৪.৩ প্রাপ্ত অভিযোগ যথাসময়ে তদন্ত ও নিষ্পত্তি করা

১.৪.৪ জেলা ও উপজেলায় ভোক্তা অধিকার দিবস পালন

১.৪.৫ জেলা ও উপজেলায় সেমিনারের আয়োজন

১.৪.৬ নিয়মিত বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনা করা

## সেকশন-২

# বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ | বাজার তদারকি | সংখ্যা | ১১৪ | ১০৫ | ১৫৬ | ১৬০ | ১৭০ | বাংলাদেশ পুলিশ | বাজার তদারকি সংক্রান্ত রেজিস্টার ও প্রতিবেদন |
| | সচেতনতামূলক সভা | সংখ্যা | ১৬ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | - | সভার নোটিশ ও হাজিরা সীট |
| | ভোক্তার অভিযোগ নিষ্পত্তি | % | ৯৫ | ১০০ | ৮০ | ৮৫ | ৯০ | - | অভিযোগ নিষ্পত্তি রেজিস্টার |

# সেকশন-৩
# কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| ১। ভোক্তা-অধিকার সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধি | ৭০ | ১.১. ভোক্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট, প্যাম্পলেট, ক্যালেন্ডার বিতরণ | বিতরণকৃত প্যাম্পলেট | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫০০০ | ৪৪০০ | ৪৪০০ | ৪২০০ | ৪১০০ | ৪০০০ | ৩৮০০ | ৫০০০ | ৫৫০০ |
| | | | বিতরণকৃত লিফলেট | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫৬০০ | ৬০০০ | ৬০০০ | ৫৮০০ | ৫৭০০ | ৫৬০০ | ৫০০০ | ৬৫০০ | ৭০০০ |
| | | | বিতরণকৃত ক্যালেন্ডার | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪০৭ | ৭৭১ | ৬৬৬ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৪০০ | ৮০০ | ১০০০ |
| | | ১.২ সেমিনার/ ওয়ার্কসপ/ মতবিনিময় সভা | সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ১১ | ১১ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১১ | ১১ |
| | | ১.৩.বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ১০ | ১১৪ | ১০৫ | ১৫৬ | ১৪০ | ১২০ | ১১০ | ১০০ | ১৬০ | ১৭০ |
| | | ১.৪. সচেতনতামূলক সভা | সভা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১০ | ১৬ | ১৫ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৫ | ১৫ |
| | | ১.৫ বিভাগ, জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | দিবস উদযাপিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ১১ | ১১ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ০৬ | ১১ | ১১ |
| ২। ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি | ০৫ | ২.১. ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি | অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০৫ | ৯৫% | ১০০% | ৮০% | ৭৮% | ৭৫% | ৭০% | ৬৫% | ৯০% | ৯৫% |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০২০-২০২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| [১]দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ এর সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | -- | -- | -- | -- |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | -- | -- | -- |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | -- | -- |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | -- | -- |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | -- | -- |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | -- | -- | -- |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | -- |
| | | [২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | -- |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | -- | -- |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘণ্টা | ১ | ৫ | ৪ | -- | -- | -- |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর /একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | -- | -- | -- | -- |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | -- |
| | | [৩.৪] হালনাগাদ স্থাবর/অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর/অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-১-২১ | ১৫-২-২১ | -- | -- |

আমি, মোঃ শফিকুল ইসলাম, সহকারী পরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ
উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মো: ফখরুল ইসলাম, উপপরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বিভাগীয় কার্যালয়, সিলেট সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

Shafiq

মোঃ শফিকুল ইসলাম
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ ।

18. 06. 2020
তারিখ

মো: ফখরুল ইসলাম
উপপরিচালক
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, সিলেট।
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

১৮/৬/২০
তারিখ

## সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী- ২

**কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ**

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ভোক্তা সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট,প্যাম্পলেট ও ক্যালেন্ডার বিতরণ | লিফলেট, প্যাম্পলেট ও ক্যালেন্ডার বিতরণকৃত | জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সুনামগঞ্জ জেলায় ৬০০০ টি লিফেলেট, ৪৪০০ টি প্যাম্পলেট ও ৬৬৬ টি ক্যালেন্ডার বিতরণ | সুনামগঞ্জ জেলা কার্যালয় | লিফলেট, প্যাম্পলেট, ক্যালেন্ডার বিতরণ রেজিস্টার | রেজিস্টার |
| ২ | সেমিনার/ ওয়ার্কসপ/মতবিনিময় সভা | সেমিনার/ ওয়ার্কসপ/মতবিনিময় সভা সম্পন্ন | জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সুনামগঞ্জ জেলায় ১১ টি সেমিনার/ ওয়ার্কসপ | সুনামগঞ্জ জেলা কার্যালয় | সেমিনার/ ওয়ার্কসপ ফাইল ও রেজিস্টার | প্রতিবেদন |
| ৩ | বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ বাস্তবায়নের জন্য সুনামগঞ্জ জেলায় ১৫৬ টি বাজার মনিটরিং | সুনামগঞ্জ জেলা কার্যালয় | বাজার তদারকি সংক্রান্ত রেজিস্টার | রেজিস্টার |
| ৪ | সচেতনতামূলক সভা | সভা আয়োজন | সুনামগঞ্জ জেলা-উপজেলায় ১৫টি সচেতনতামূলক সভা আয়োজন। | সুনামগঞ্জ জেলা কার্যালয় | | সভার নোটিশ ও হাজিরা |
| ৫ | উপজেলা, জেলা ও বিভাগে বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | দিবস উদযাপিত | ১৫ মার্চ ২০২১ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপনের লক্ষ্যে সুনামগঞ্জ জেলায় ব্যবসায়ী ও ভোক্তাসাধারণকে অন্তর্ভুক্ত করে সেমিনার অনুষ্ঠান করা | জেলা প্রশাসন/ উপজেলা প্রশাসন সুনামগঞ্জ জেলা কার্যালয় | জেলা প্রশাসক, উপজেলা প্রশাসন, সহকারি পরিচালক কতৃক প্রেরিত প্রতিবেদন | প্রতিবেদন |
| ৬ | ভোক্তাদের অভিযোগ নিস্পত্তি | অভিযোগ নিস্পত্তিকৃত | ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর অধীন দায়েরকৃত কমপক্ষে ৮০% অভিযোগ নিস্পত্তি করা | সুনামগঞ্জ জেলা কার্যালয় | অভিযোগ নিস্পত্তি রেজিস্টার ও প্রতিবেদন | সভা |

## সংযোজনী ৩: অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসন, সুনামগঞ্জ | সার্বিক সহযোগিতা | বাজার মনিটরিং সম্পন্ন | আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে সহায়তা | জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা থাকলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং জরিমানা আদায়সহ অন্যান্য প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ সহজ হয় | বাজার তদারকিকালে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উদ্ভব হতে পারে এবং জরিমানা আদায়সহ অন্যান্য প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ কঠিন হতে পারে |
| বাংলাদেশ পুলিশ/র‍্যাব/ বিজিবি, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | পুলিশ/র‍্যাব/বিজিবি সদস্য | পুলিশ/র‍্যাব/বিজিবি এর সহায়তা ছাড়া বাজার তদারকি সম্ভব না। | বাজার তদারকিকালে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উদ্ভব হতে পারে। |
| বিএসটিআই, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রযুক্তিগত/কারিগরি জ্ঞানসহ প্রতিনিধি | প্রযুক্তিগত সহায়তাসহ/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | পপ্রযুক্তিগত সহায়তা /কারিগরি জ্ঞানসহ প্রতিনিধি না থাকলে বাজার তদারকি সুসম্পন্ন হয় না |
| চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | ব্যবসায়ীদের মটিভেশন করা সহজ হয় | ব্যবসায়ীদের মটিভেশনে সমস্যা হয় |
| ক্যাব, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | ব্যবসায়ীদের মটিভেশন করা সহজ হয় | ব্যবসায়ীদের মটিভেশনে সমস্যা হয় |
| কৃষি বিপণন বিভাগ, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | বাজার সম্পর্কে অভিজ্ঞতা বাজার তদারকিতে সাহায্য করে | বাজার তদারকিকালে কারিগরি জ্ঞানের অভাবে অভিযানের সুফল পাওয়া যায় না |
| স্বাস্থ্য অধিদপ্তর, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | বাজার তদারকিকালে স্বাস্থ্য বিষয়ক কারিগরি জ্ঞানের অভাবে অভিযানের সুফল পাওয়া যায় না |
| মৎস্য অধিদপ্তর, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | বাজার তদারকিকালে কারিগরি জ্ঞানের অভাবে অভিযানের সুফল পাওয়া যায় না |
| পরিবেশ অধিদপ্তর, সুনামগঞ্জ | বাজার তদারকিতে সহায়তা | বাজার মনিটরিং সম্পন্ন | প্রতিনিধি | পেশাগত/কারিগরি জ্ঞান থাকলে বাজার তদারকি অধিক কার্যকর হয় | বাজার তদারকিকালে কারিগরি জ্ঞানের অভাবে অভিযানের সুফল পাওয়া যায় না |